



"প্রযুক্তি ও মমতায়, কল্যাণ ও
সমতায়, আস্থা আজ
সমাজসেবায়"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফুলতলা, খুলনা।
www.dss.phultala.khulna.gov.bd



নম্বর: ৪১.০১.৪৭৬৯.০০০.০০০.১৬.০০০৮.২৫.৩৮

তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিত ভাতাভোগীদের তৃতীয়বারের মতো আরও একদিন ইউনিয়ন পরিষদে লাইভ ভেরিফিকেশনের সুযোগ এবং অনুপস্থিত হলে ভাতা বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ২৭/১০/২০২৫ খ্রি. তারিখের ৪১.০১.৪৭৬৯.০০০.০০০.১৬.০০০৮.২৫.৫৩ নং স্বরক পত্রমূলে ফুলতলা উপজেলায় গত ০২/১১/২৫ খ্রি. হতে ১৭/১১/২৫ খ্রি. পর্যন্ত ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন অনুষ্ঠিত হয়। অনেক ভাতাভোগী নির্ধারিত সময়ে উপস্থিত হতে না পারায় বিগত ২৪/১১/২০২৫ খ্রি. তারিখের ৪১.০১.৪৭৬৯.০০০.০০০.১৬.০০০৮.২৫.৭৬ নং স্বরক পত্রমূলে গত ২৭/১১/২০২৫ খ্রি. তারিখে আটরা গিলাতলা, ফুলতলা ও দামোদর ইউনিয়ন এবং ০১/১২/২০২৫ খ্রি. তারিখে জামিরা ইউনিয়নে দ্বিতীয়বার অনুপস্থিত ভাতাভোগীদের আরও একদিন লাইভ ভেরিফিকেশন অনুষ্ঠিত হয়।

দ্বিতীয়বার সুযোগ প্রদানের পরও অনেকেই দ্বিতীয়বারেও নির্ধারিত দিনে উপস্থিত হতে পারেন নাই। এমতাবস্থায়, যে সকল ভাতাভোগী এখন পর্যন্ত লাইভ ভেরিফিকেশনে উপস্থিত হতে পারেন নাই শুধুমাত্র সেই সকল অনুপস্থিত ভাতাভোগীদেরকে নিচের ছকে বর্ণিত সূচি অনুযায়ী নির্ধারিত দিনে উপস্থিত হয়ে লাইভ ভেরিফিকেশনে অংশগ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

"ছক"

ক্রম	ইউনিয়নের নাম	তারিখ ও বার	সময়	স্থান
১	আটরা গিলাতলা	০৯/০২/২০২৫ সোমবার	সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত	আটরা গিলাতলা ইউনিয়ন পরিষদ
২	দামোদর	০৯/০২/২০২৫ সোমবার	সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত	দামোদর ইউনিয়ন পরিষদ
৩	ফুলতলা	০৯/০২/২০২৫ সোমবার	সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত	ফুলতলা ইউনিয়ন পরিষদ
৪	জামিরা	০৯/০২/২০২৫ সোমবার	সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত	জামিরা ইউনিয়ন পরিষদ

সংযুক্তি:

১। পূর্বের লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিত ভাতাভোগীদের নামের তালিকা।

বিশেষ দৃষ্টব্য:

তৃতীয় বার সুযোগ প্রদানের পরও যারা লাইভ ভেরিফিকেশনে উপস্থিত হবে না বিদ্যমান নীতিমালা অনুযায়ী সে সকল ভাতাভোগীদের ভাতা বাতিল করা হবে এবং তাঁদের পরিবর্তে যোগ্য উপকারভোগী নির্বাচন করে ভাতা প্রতিস্থাপন করা হবে। আরও উল্লেখ্য যে, ভাতা প্রতিস্থাপনের পর নিরুদ্দেশ হওয়া ভাতাভোগীদের কোনো অভিযোগ গ্রহণযোগ্য হবে না।



০২-০২-২০২৬

মো: ফিরোজশাহ

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন : ০১৭০৮৪১৪৯৬৫

ইমেইল : usso.phultala@dss.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পরিচালক (উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, খুলনা।
- ২। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলতলা, খুলনা।
- ৪। চেয়ারম্যান, ইউনিয়ন, ফুলতলা, খুলনা।
- ৫। ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলতলা, খুলনা।
- ৬। ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলতলা, খুলনা এবং
- ৭। সদস্য ও সংরক্ষিত সদস্য (সকল), ইউনিয়ন, ফুলতলা, খুলনা।

